

জাতন্ত্রী বাংলাদেশ সরকার



২৫০

পঞ্চাশ টাকা

স ০১১৭৭২০



নোটারী পাবলিক এর কার্যালয়, ঢাকা সম্মুখে

আপোষ বন্টন নামা দলিল

এহসান মাহবুব, পিতা- মরহুম আমিনুর রহমান মামুন, সাং- ফ্ল্যাট নং- ৪০২, বাড়ী নং- ৩৮, নয়াপল্টন, থানা- ময়লাপল্টন, ঢাকা, পেশা- চাকুরী, ধর্ম- ইসলাম, জাতীয়তা- বাংলাদেশী।

----- প্রথম পক্ষ।

জিয়া মামুন, পিতা- মরহুম আমিনুর রহমান মামুন, সাং- ফ্ল্যাট নং- ৪০২, বাড়ী নং- ৩৮, নয়াপল্টন, থানা- ময়লাপল্টন, ঢাকা, পেশা- চাকুরী, ধর্ম- ইসলাম, জাতীয়তা- বাংলাদেশী।

----- দ্বিতীয় পক্ষ।

পরম করনাময় মহান আল্লাহ তায়ালার নাম স্মরণ করিয়া অত্র আপোষ বন্টন নামা দলিলের বয়ান আরম্ভ করিতেছি। যেহেতু নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তির ওয়ারিশ সূত্রে মালিক ছিলেন আমাদের পক্ষদ্বয়ের পূর্ববর্তী সর্বজনাব আমিনুর রহমান মামুন, মোঃ আতিকুর রহমান মাহমুদ ও মোঃ আনিসুর রহমান মাসুদ এবং তাহারা উক্ত সম্পত্তিতে পৈত্রিক সূত্রে নির্মিত বসতবাড়ীতে এজমালিতে শান্তিপূর্ণ মালিক ভোগ দখলকার নিয়ত থাকাবস্থায় উক্ত সম্পত্তিতে বহুতল ভবন তথা ১৫ (পনের) তলা বিশিষ্ট আবাসিক কাম বানিজ্যিক ভবন ডেভেলপারের মাধ্যমে নির্মান করিবার নিমিত্তে বিগত ১৬/১০/২০০৬ ইং তারিখে রেজিস্ট্রিকৃত দলিল নং ৯৬২১ মূলে ডোম ইনো লিমিটেড নামক ডেভেলপার কোম্পানীর সহিত উক্ত ভবন নির্মানের চুক্তিনামা দলিল সহি সম্পাদন করেন এবং উক্ত চুক্তিনামা দলিলের শর্ত মোতাবেক উক্ত তারিখে ডেভেলপার কোম্পানীর বরাবরে রেজিস্ট্রিকৃত আম-মোক্তার নামা দলিল

চলমান পাতা-০২

৳ ২৫



৳ ২৫

পঁচিশ টাকা

৳ ০৮৯০১৫৫



পাতা-০২

নং ৬২২ সহি সম্পাদন করিয়া দেন। এর পরবর্তীতে ডেভেলপারের নিকট হইতে সাইনিং মানি গ্রহন, পুরাতন ভবন অপসারণ এবং পার্শ্ববর্তী অতিরিক্ত ০.৩ কাঠা ভূমির বিষয় সিদ্ধান্ত গ্রহন করিয়া উক্ত ডেভেলপারের সহিত পুনরায় বিগত ২৪/১/২০০৬ইং তারিখে ১৫০/- টাকার স্ট্যাম্পে লিখিত সংযোজনী চুক্তি সহি সম্পাদন করেন।

অতঃপর বর্ণিত ডেভেলপার ডোম-ইনো কোম্পানী অত্র দলিলের ৬০ নং হোল্ডিংস্থিত সম্পত্তি পার্শ্ববর্তী ৫৯ নং প্লটের সম্পত্তিকে দলিল দাতাগণের পূর্ব অনুমতি ব্যতিরেকে একত্রিত করিয়া রাজউক হইতে প্রজেক্ট অনুমোদন করান এবং পূর্বলিখিত বিগত ১৬/১০/২০০৬ইং তারিখের সম্পাদিত ও রেজিস্ট্রকৃত চুক্তিপত্রের ১ ও ৫ নং শর্ত অনুযায়ী প্রস্তাবিত সম্পত্তিতে বহুতল ভবনের প্রথম তলার বানিজ্যিক ব্যবহার এর পরিবর্তে কমিউনিটি স্পেস হিসাবে রাজউকের সংশ্লিষ্ট দপ্তর হইতে অনুমোদন করায় এবং অন্যান্য বিষয়ে পরবর্তীতে পূর্ববর্তী ভূমি মালিকগণের সহিত ডেভেলপার কোম্পানী  $\frac{০৫/০৮/২০০৮}{০৬/০৮/২০০৮}$  ইং তারিখে রেজিস্ট্রকৃত দলিল নং ৪৩৫৪ মূলে আরও একটি সম্পূরক চুক্তি সহি সম্পাদিত হয়।

অতঃপর বর্ণিত ডেভেলপার কোম্পানী বর্ণিতরূপ চুক্তি মূলে তফসিল বর্ণিত সম্পত্তিতে বহুতল ভবন নির্মাণের কাজ আরম্ভ করিয়া অদ্যবধি নির্মাণ কাজ করিয়া আসিতেছে। যদিও চুক্তি অনুসারে নির্মাণ কালীন মেয়াদ সীমা ইতিমধ্যে অতিক্রম করিয়াছে।

অতঃপর ডেভেলপার কোম্পানী কর্তৃক নির্মাণ কাজ চলা অবস্থায় মূল মালিক তথা আমাদের পূর্ববর্তী আমিনুর রহমান মামুন ও তাহার অপর দুই সহোদর ভ্রাতা নির্মানাধীন ফ্ল্যাট অনুপাতিক ভূমি, পার্কিং স্পেস সহ অন্যান্য


চলমান পাতা-০৩

৳ ২৫



৳ ২৫

পঁচিশ টাকা



পাতা-০৩

আনুসঙ্গিক সুবিধাদি সুনির্দিষ্টভাবে নিষ্পত্তি করিবার নিমিত্তে বর্ণিত আমিনুর রহমান মামুন গং ভোগ দখলের সুবিধার্থে নিজেদের মধ্যে একটি বাটোয়ারা দলিল সহ সম্পাদন করেন। যাহা নোটারী পাবলিক কর্তৃক রেজিস্ট্রকৃত তারিখ ২৭/৮/২০০৮ইং এবং নির্বাহী ম্যাজিস্ট্রেট আদালত, ঢাকা কর্তৃক Counter Sign করেন। উক্ত বাটোয়ারা দলিলের “ক” তফসিল বর্ণিত সম্পত্তি আমরা অত্র আপোষ বন্টননামা দলিলের পক্ষদ্বয়ের পিতা জনাব আমিনুর রহমান মামুন ছাহাম হিসাবে প্রাপ্ত হন।

অতঃপর বর্ণিতরূপ বাটোয়ারা দলিল মূলে আমরা অত্র দলিলের পক্ষদ্বয়ের পিতা আমিনুর রহমান মামুন নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি তাহার অপর দুই সহোদর ভ্রাতা অন্যান্য সম্পত্তি প্রাপ্ত হইয়া শান্তিপূর্ণ ভোগ দখলে নিয়ত থাকাবস্থায় আমরা অত্র পক্ষদ্বয়কে ওয়ারিশ বিদ্যমানে মৃত্যুবরণ করেন এবং আমরা পৈত্রিক ওয়ারিশ সূত্রে এজমালিতে নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তিতে মালিক ও ভোগ দখলকার নিয়ত হইয়া নিজেদের ভোগ দখলের সুবিধার্থে আমাদের হিতৈষী ও আপন চাচাদের মধ্যস্থতায় পারস্পরিক আলোচনাক্রমে তফসিল বর্ণিত সম্পত্তিতে নির্মিতব্য ১৫ তলা ভবনের ৫ম তলার সকল ফ্ল্যাট আনুপাতিক ভূমি, কার পার্কিং স্পেস সহ কমন সকল সুবিধাদি অত্র চুক্তিপত্রের প্রথম পক্ষ প্রাপ্ত হইবে যাহা “ক” তফসিলে বর্ণিত এবং দ্বিতীয় পক্ষ ১০ম তলার সম্পূর্ণ ফ্ল্যাট, আনুপাতিক ভূমি, কার পার্কিং স্পেস সহ সকল সুবিধাদি প্রাপ্ত হইবেন যাহা “খ” তফসিলে বর্ণিত হইল মর্মে চূড়ান্ত সিদ্ধান্তে উপনীত হইয়া উভয় পক্ষ অত্র আপোষ বন্টন নামাদলিল স্বাক্ষীগনের উপস্থিতিতে সহি সম্পাদন করিলাম। প্রকাশ থাকে যে, পার্শ্ববর্তী ৫৯নং গ্রীন রোড হোল্ডিং এর সম্পত্তিতে নির্মিতব্য ইমারতের গয়নাগমনের সুবিধাদির কারণে ডেভেলপার

৳ ২৫



৳ ২৫

পঁচিশ টাকা

৳ ০৮২০১৫৭



পাতা-০৪

৬০ নং হোল্ডিং এর পূর্ববর্তী মালিকগণ ও ৫৯ নং হোল্ডিং এর মালিকগণের মধ্যে পূর্বে মিমাংসাকৃত চুক্তি অনুসারে ৬০ নং হোল্ডিং এর ১৫ তলা ভবনের ১৫ তলার 'ই' টাইপ এর একটি ফ্ল্যাট (ডেভেলপার কর্তৃক ভবিষ্যতে প্রদান করিলে) যাহা অত্র চুক্তিপত্রের পক্ষদ্বয় সম হিস্যায় প্রাপ্ত হইবেন। আরও প্রকাশ থাকে যে, তফসিল বর্ণিত সম্পত্তির প্রথম তলার ৫১০০ বর্গফুট পরিমাপের বানিজ্যিক স্পেস যাহা অদ্যাবধি এজমালিতে আমাদের পক্ষদ্বয়ের সহিত অপর মালিক তথা আমাদের দুই চাচার সহিত এজমালিতে রহিয়াছে উহাতে আমরা পৈত্রিক ওয়ারিশসূত্রে ১৭০০ বর্গফুট পরিমাপের স্পেস প্রাপ্ত হই। যাহা আমরা উভয় পক্ষই এজমালিতে ভোগ দখল করিব।

অত্র আপোষ বন্টন নামা দলিল এ বর্ণিত সকল শর্তাবলী আমরা উভয় পক্ষ ও আমাদের অবর্তমানে আমাদের ওলি ওয়ারিশগণদের উপর বাধ্যকর থাকিবে এবং আমরা উভয় পক্ষ অত্র দলিল সহি সম্পাদন পূর্বক নিযুক্তীয় ডেভেলপার কোম্পানীর নিকট উহা সত্যায়িত কপি দাখিল করিয়া আপোষ বন্টন অনুসারে নিজ নিজ ছাহাম বুঝিয়া লইব। ইহাতে কাহারোও কোন ওজর আপত্তি নাই ও রহিল না।

**ক' তফসিল (১ম পক্ষ প্রাপ্ত হইবেন)**

জেলা- ঢাকা, মৌজা- ধানমন্ডিস্থ, খতিয়ান নং- সি.এস ১৮৯, এস.এ ১৮৩, আর.এস ১০১৩, মহানগর জরিপে ২৫৭৬, দাগ নম্বরঃ সি.এস ১৯২, এস/এ ৩৮০, আর.এস ১২২১, ১৭২১, মহানগর জরিপ ২৫৮৯ উক্ত দাগের উপর ১৩.৩০ কাঠা জমির উপর নির্মিত ১৫ তলা বিশিষ্ট নির্মিতব্য ভবনের ৫ম তলার সম্পূর্ণ ফ্ল্যাট ও আনুপাতিক ভূমি, কার পার্কিং স্পেস সহ কমন সকল সুবিধাদি। যাহার হোল্ডিং নং ৬০ নং গ্রীন রোড, ঢাকা।

চলমান পাতা-০৫



৳ ০৮৯০১৫৮

পাতা-০৫

'খ' তফসিল (২য় পক্ষ প্রাপ্ত হইবেন)

জেলা- ঢাকা, মৌজা- ধানমন্ডিহ, খতিয়ান নং- সি.এস ১৮৯, এস.এ ১৮৩, আর.এস ১০১৩, মহানগর জরিপে ২৫৭৬, দাগ নম্বরঃ সি.এস ১৯২, এস/এ ৩৮০, আর.এস ১২২১, ১৭২১, মহানগর জরিপ ২৫৮৯ উক্ত দাগের উপর ১৩.৩০ কাঠা জমির উপর নির্মিত ১৫ তলা বিশিষ্ট নির্মিতব্য ভবনের ১০ম তলার সম্পূর্ণ ফ্ল্যাট ও আনুপাতিক ভূমি, কার পার্কিং স্পেস সহ কমন সকল সুবিধাদি। যাহার হোল্ডিং নং ৬০ নং গ্রীন রোড, ঢাকা।

অত্র আপোষ বন্টন নামা দলিল ০৫ (পাঁচ) ফর্দে কম্পিউটারে কম্পোজকৃত এবং স্বাক্ষী ( ) জন বটে।

স্বাক্ষীগণের স্বাক্ষরঃ

১। Md. Atiqur Rahman. 18-4-2011.  
(MD. Atiqur Rahman)  
60, Green Road.  
Dhaka-1205

২। Md. Anisur Rahman Masud  
Noreen Rd 18-04-2011  
60, GREEN ROAD, Dhaka-1205  
S/O LATE MD. MUSTAFA RAHMAN  
M/A An

৩। Atiqur Rahman  
18-04-2011  
(ASTIQUUR RAHMAN)  
60 GREEN ROAD  
DHAKA-1205

১ম পক্ষ EHSANU MAHBOOB

Sign.



18/04/2011

১ম পক্ষের স্বাক্ষর

জিয়া জামুদ



২য় পক্ষের স্বাক্ষর

Seal & Signature of the Signatory are here by  
**AUTHENTICATED**  
11.5.11  
(MD. MAHABUB HOSSAIN)  
Notary Public Whole of Bangladesh  
Cham: 21/2, Court House Street, Room No-18, Dhaka-1100  
Mobile: 0178230488, Phone: 7119970, (SL. No: 364)

